



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৭২

নতুন পাঠ্যক্রম নিয়ে অপপ্রচার চালানো হচ্ছে

-শিক্ষামন্ত্রী

রাজশাহী; ১৬ মাঘ (৩০ জানুয়ারি):

নতুন পাঠ্যক্রম নিয়ে অপপ্রচার চালানো হচ্ছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। আজ সোমবার (৩০ জানুয়ারি) দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে যোগ দিতে এসে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, নতুন পাঠ্যক্রমে কোনো ভুল-ত্রুটি থাকলে তা সংশোধন করা হবে। তবে পাঠ্যবই নিয়ে গুজব ছড়ানো হচ্ছে। আওয়ামী লীগ সরকার কখনো ইসলামের বিরুদ্ধে কিছু করেনি, আর করবেও না। পাঠ্যবইয়ে যা ভুল হয়েছিল, তা সংশোধন করা হয়েছে। এজন্য কমিটিও গঠন করা হয়েছে। কমিটি কাজ করছে।

এ সময় তিনি পাঠ্যবইয়ের ভুল ধরিয়ে দিতে সবার সহযোগিতা কামনা করে সকলকে গুজবে কান না দেয়ার পরামর্শ দেন।

পরে কাজী নজরুল ইসলাম মিলনায়তনে কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, ২০৪১ সালের মধ্যে শেখ হাসিনা যে স্মার্ট বাংলাদেশ নির্মাণের কথা বলেছেন সেই স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট নাগরিক হতে হবে। এর জন্য প্রয়োজন স্মার্ট শিক্ষাব্যবস্থা। এজন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

বৈশ্বিক পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে প্রতিটি বিশ্ববিদ্যালয়কে একটি মাস্টারপ্ল্যান অনুযায়ী কাজ করার পরামর্শ দিয়ে ডা. দীপু মনি বলেন, পৃথিবী দ্রুত বদলাচ্ছে। এ যুগে শুধুমাত্র জ্ঞানভিত্তিক শিক্ষা অচল। ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় জ্ঞানের সঙ্গে শিক্ষার্থীদেরকে দক্ষতাও অর্জন করতে হবে। তাদেরকে সৃজনশীল ও মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে। তা না হলে আমাদের শিক্ষার্থীরা আজকের বিশ্বে অচল হয়ে পড়বে। আর এই অচল নাগরিক দিয়ে সোনার বাংলা হবে না। এজন্য তিনি জীবনমুখী শিক্ষা ব্যবস্থার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৯টি অনুষদের ৫টি শিক্ষাবর্ষের স্নাতক ও ৬টি শিক্ষাবর্ষের স্নাতকোত্তর ১০৩ জন কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদক ও সনদপত্র প্রদান করা হয়। স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ৯৬ জনকে 'বঙ্গবন্ধু স্বর্ণপদক', অগ্রণী ব্যাংক; ৫ জন শিক্ষার্থীকে 'ড. মমতাজ উদ্দিন আহমদ স্বর্ণপদক' এবং ২ জন শিক্ষার্থীকে 'ডা. এ কে খান স্বর্ণপদক' প্রদান করা হয়।

অনুষ্ঠানে রাবির উপাচার্য অধ্যাপক গোলাম সাক্বির সান্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক সুলতান-উল-ইসলাম ও অধ্যাপক হুমায়ুন কবীর, কোষাধ্যক্ষ অধ্যাপক আবায়দুর রহমান প্রামাণিক অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মুরশেদুল কবীর প্রমুখসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/সিকান্দার/রোকন/২০২২/১৭.৩০ঘ.